

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৭৭৯

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ রাতে উঠে (তাহজ্জুদ) নামায পড়ার ফযীলত

## আরবী

وَعَن عَائِشَة رَضِيَ اللهُ عَنهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ عَيُوهُ مِنَ اللَّيْلِ حَتَّى تَتَفَطَّرَ قَدَمَاهُ فَقُلْتُ لَهُ: لِمَ تَصنْنَعُ هَذَا يَا رَسُولَ اللهِ وَقَدْ غُفِرَ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأْخَّرَ ؟ قَالَ فَقُلْتُ لَهُ: لِمَ تَصنْنَعُ هَذَا يَا رَسُولَ اللهِ وَقَدْ غُفِرَ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأْخَرَ ؟ قَالَ أَكُونُ عَبْداً شَكُوراً؟ متفقٌ عَلَيْهِ وَعَن المُغِيرَةِ بن شُعبة نَحْوهُ متفقٌ عَلَيْهِ

## বাংলা

মহান আল্লাহ বলেন,

وَمِنَ اللَّيْل فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَكَ عَسَى أَنْ يَبْعَتَكَ رَبُّكَ مَقَاماً مَحْمُوداً

অর্থাৎ, রাত্রির কিছু অংশে তাহাজ্জুদ কায়েম কর; এটা তোমার জন্য এক অতিরিক্ত কর্তব্য। আশা করা যায়, তোমার প্রতিপালক তোমাকে প্রতিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে। (সূরা বানী ইস্রাঈল ৭৯ আয়াত) তিনি আরো বলেছেন,

تَتَجَافَى جُنُوبُهُمْ عَن المَضاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ

অর্থাৎ, তারা শয্যা ত্যাগ করে আকাজ্জা ও আশংকার সাথে তাদের প্রতিপালককে ডাকে এবং আমি তাদেরকে যে রুষী প্রদান করেছি, তা হতে তারা দান করে। (সূরা সিজদা ১৬ আয়াত)

তিনি আরো বলেছেন,

كَانُوا قَلِيلاً مِنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ

অর্থাৎ, তারা রাত্রির সামান্য অংশই নিদ্রায় অতিবাহিত করত। (সূরা যারিয়াত ১৭ আয়াত)

(৭৭৯) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাত্রির একাংশে (নামাযে) এত দীর্ঘক্ষণ কিয়াম করতেন যে, তাঁর পা ফুলে ফাটার উপক্রম হয়ে পড়ত। একদা আমি তাঁকে বললাম, হে আল্লাহর



রসূল! আপনি এত কষ্ট সহ্য করছেন কেন? অথচ আপনার তো পূর্ব ও পরের গুনাহসমূহকে ক্ষমা করে দেওয়া হয়েছে। তিনি বললেন, আমি কি শুকরগুযার বান্দা হব না?

## ফুটনোট

(বুখারী ৪৮৩৭, মুসলিম ৭৩০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন